"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.৮৭.০০৮.১৫. ৪ তারিখঃ ০২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দেশের সরকারি ও বেসরকারি (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসাসমূহের ২০২০ সালের বাৎসরিক ছুটির তালিকা।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫২.০০২.১৯.৩০৬, তারিখ-১০/১২/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ও বেসরকারি স্বতন্ত্র ইবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহের জন্য ২০২০ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে:

| ক্র. ন. | ছুটির উপলক্ষ | তারিখ ও বার | তারিখ, বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ১. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, শুক্রবার, ২০২০ | ০৮ ফাল্গুন, ১৪২৬ | ০০ দিন |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস | ১৭ মার্চ, মঙ্গলবার, ২০২০ | ০৩ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ৩. | * শব-ই-মিরাজ | ২৩ মার্চ, সোমবার, ২০২০ | ৯ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ৪. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, বৃহস্পতিবার, ২০২০ | ১২ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ৫. | * শব-ই-বরাত | ৯ এপ্রিল, বৃহস্পতিবার, ২০২০ | ২৬ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ৬ | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, মঙ্গলবার, ২০২০ | ০১ বৈশাখ, ১৪২৭ | ০১ দিন |
| ৭. | *পবিত্র রমাজান, মে দিবস, বুদ্ধ পূর্ণিমা, জুমআতুল-বিদা, লাইলাতুল-ক্বদর ও ঈদ-উল-ফিতর | ২৫ এপ্রিল, শনিবার থেকে ৩০ মে, শনিবার, ২০২০ | ১২ বৈশাখ থেকে ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ | ৩১ দিন |
| ৮. | * পবিত্র ঈদ-উল-আযহা ও গ্রীষ্মকালীন অবকাশ | ২০ জুলাই, সোমবার থেকে ০৬ আগস্ট, বৃহস্পতিবার, ২০২০ | ০৫ শ্রাবণ থেকে ২২ শ্রাবণ, ১৪২৭ | ১৬ দিন |
| ৯. | শুভ জন্মাষ্টমী | ১১ আগস্ট,মঙ্গলবার, ২০২০ | ২৭ শ্রাবণ, ১৪২৭ | ০১ দিন |
| ১০. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, শনিবার, ২০২০ | ৩১ শ্রাবণ, ১৪২৭ | ০১ দিন |
| ১১. | * হিজরি নববর্ষ | ২১ আগস্ট, শুক্রবার, ২০২০ | ০৬ ভাদ্র, ১৪২৭ | ০০ দিন |
| ১২. | * পবিত্র আশুরা | ৩০ আগস্ট, রবিবার, ২০২০ | ১৫ ভাদ্র, ১৪২৭ | ০১ দিন |
| ১৩. | * আখেরি চাহার সোম্বা | ১৪ অক্টোবর, বুধবার, ২০২০ | ২৯ আশ্বিন, ১৪২৭ | ০১ দিন |
| ১৪. | দুর্গাপূজা | ২৬ অক্টোবর, সোমবার, ২০২০ | ১০ কার্তিক, ১৪২৭ | ০১ দিন |
| ১৫. | * পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবি (সা.) | ৩০ অক্টোবর, শুক্রবার, ২০২০ | ১৪ কার্তিক, ১৪২৭ | ০০ দিন |
| ১৬. | * ফাতেহা-ই-ইয়াজ দাহম | ২৭ নভেম্বর, শুক্রবার, ২০২০ | ১২ অগ্রহায়ণ, ১৪২৭ | ০০ দিন |
| ১৭. | শীতকালীন অবকাশ, মহান বিজয় দিবস ও ঈসা (আ.)-এর জন্ম দিবস | ১৫ ডিসেম্বর, মঙ্গলবার হতে ২৯ ডিসেম্বর, মঙ্গলবার, ২০২০ | ৩০ অগ্রহায়ণ থেকে ১৪ পৌষ, ১৪২৭ | ১৩ দিন |
| ১৮ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৫ দিন |
| | | | মোট = | ৭৫ দিন |

*চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।

## পরীক্ষার সময়সূচি-২০২০ খ্রিষ্টাব্দ

| পরীক্ষার নাম | তারিখ ও বার | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক পরীক্ষা | ১৩ জুন, শনিবার থেকে ৩০ জুন, মঙ্গলবার | ১৬ দিন | ১১ জুলাই, শনিবার |
| দাখিল নির্বাচনী পরীক্ষা | ০৩ অক্টোবর, শনিবার থেকে ২০ অক্টোবর, মঙ্গলবার | ১৬ দিন | ০৫ নভেম্বর, মঙ্গলবার |
| বার্ষিক পরীক্ষা | ২৬ নভেম্বর, বৃহস্পতিবার থেকে ১৪ ডিসেম্বর, সোমবার | ১৬ দিন | ৩০ ডিসেম্বর, বুধবার |

অপর পাতার দ্রষ্টব্য

পূর্ব পাতার পর

অনুসরণীয় নির্দেশনা:

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারী ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করবে।

৩. মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমিত গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৭৫ দিন। গণপ্রাজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৭৫ দিনের অন্তর্ভুক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবেনা, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার সময়ে প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

৯. পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১০. প্রত্যেক মাদ্রাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভুক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে।

১১. পবিত্র-ঈদ-ই-মিল্লাদুন্নবী (স.), শহীদ দিবস ও আন্তর্জারিত মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে; তবে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপয সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

১২. প্রতিটি মাদ্রাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষণ কর্মসূচি পালন করতে হবে। সে সাথে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০২০ সনের জন্য একটি শিক্ষার উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়নক্রমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

১৬/১/২০২০

(এ.কে.এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.২২.০০১.১৫-১২ তারিখঃ ১৬.০১.২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬.০১.২০২০

(মোঃ সাইফুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ফোন নং-৪১০৩০১৬৩

বিতরণ:
১.অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া
২.অধ্যক্ষ/সুপার.................................মাদ্রাসা, পোঃ..............., উপজেলা...................., জেলা.........

অনুলিপি :
১. জেলা শিক্ষা অফিসার, জেলা...................... ।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা.........।